



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.cptu.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.৩৬৯.০৬.২৬৪.২০-০০৩



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

তারিখঃ ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১

পরিপত্র

বিষয়ঃ সরকারি ক্রয় (Public Procurement) বিষয়ক অনলাইন সার্টিফিকেট কোর্স।

সরকারের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সঙ্গে সুস্থ এবং কার্যকর সরকারি ক্রয় (Public Procurement) ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। সরকারি তহবিলের (উন্নয়ন/অনুন্নয়ন) মাধ্যমে পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় আইন (পিপিএ ২০০৬), বিধি (পিপিআর ২০০৮) এবং সংশ্লিষ্ট আদর্শ দলিলসমূহ (STD/SRFP) বিদ্যমান রয়েছে। সিপিটিইউ সরকারি ক্রয়ে সম্পৃক্ত সকল পর্যায়ের অংশীজন, যথাঃ ক্রয়কারী, দরপত্রদাতা/পরামর্শক, বাণিজ্যিক ব্যাংক, সিভিল সোসাইটির প্রতিনিধি এবং গণমাধ্যমের কর্মীদের নিয়মিতভাবে সরকারি ক্রয় বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে আসছে। তবে এ সব প্রশিক্ষণ কর্মসূচীগুলো ব্যক্তিগত উপস্থিতির মাধ্যমে হওয়ায় অনেক সময় দাঁড়িরিক ব্যস্ততা বা অন্যান্য কারণে সকলের পক্ষে অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না।

০২। এ পরিপ্রেক্ষিতে সিপিটিইউ'র বাস্তবায়নাধীন DIMAPPP প্রকল্পের আওতায় সরকারি ক্রয়ের ওপরে একটি অনলাইন সার্টিফিকেট কোর্স চালু করা হয়েছে। জাতিসংঘের অধীন সংস্থা ITC-ILO'র পরামর্শক সহায়তায় মডিউল ভিত্তিক এ কোর্সটি প্রণয়ন করা হয়েছে। নমনীয় কাঠামোর এবং ফি ব্যতিরেকে এ কোর্সটি সকলের জন্য উন্মুক্ত। www.opt.cptu.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করে সহজেই আগ্রহী ব্যক্তি এ কোর্সে নিবন্ধন করতে পারবেন।

০৩। সরকারি ক্রয়ে সম্পৃক্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থার প্রকল্প পরিচালকসহ আগ্রহী ব্যক্তিগৰ্গ এবং ক্রয় (Procurement) বিষয়ে উচ্চতর শিক্ষা গ্রহণে আগ্রহী শিক্ষার্থীবৃন্দ এ কোর্সে অংশ গ্রহণ করতে পারেন। সাফল্যের সঙ্গে কোর্স সমাপনান্তে অংশগ্রহণকারীকে সনদ প্রদান করা হবে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারি ক্রয়ে একটি বিশেষায়িত জনবল গড়ে তোলার লক্ষ্যে বর্ণিত অনলাইন সার্টিফিকেট কোর্সটি সহায়ক হবে মর্মে প্রত্যাশা করা যায়।

২৫.১২.২০২০

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)

মহাপরিচালক, সিপিটিইউ

ফোনঃ ৮৮০-০২-৮৮১১৯৮০০-০১

বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মুখ্য সম্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/ক্রয়কারী কার্যালয় প্রধান (সকল টার্গেট এজেন্সী)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।